

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
বাজেট ও পরিবীক্ষণ অধিশাখা
www.mopa.gov.bd

২৫ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ

পত্র নং-০৫.০০.০০০০.১১৯.২০.০২০.১২-১৩২৩(৪৮১)

তারিখঃ-----

০৮ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ

প্রেরকঃ মোঃ শাহরিয়াজ
উপসচিব

প্রাপকঃ উপজেলা নিবাহী অফিসার (সকল)

বিষয়ঃ ২০১৫-১৬ অর্থ বছরের সংশোধিত বাজেটে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন ০৭৪৩-উপজেলা প্রশাসনের ৪৭১৪-বাংলা নববর্ষ ভাতা খাতে বরাদ্দ বন্টন প্রসঙ্গে।

নিম্নস্বাক্ষরকারি চলতি ২০১৫-১৬ অর্থ বছরের সংশোধিত বাজেটে জনপ্রশাসন মন্ত্রণালয়ের অধীন ০৭৪৩-উপজেলা প্রশাসনের বাজেট বরাদ্দ হতে ৪৭১৪-বাংলা নববর্ষ ভাতা খাতে ব্যয় নির্বাহের নিমিত্ত আদিষ্ট হয়ে নিম্নোক্তভাবে বাজেট বরাদ্দ ও খরচের মঞ্জুরি জ্ঞাপন করছি।

২. জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৭৪৩-উপজেলা প্রশাসনের ৪৮৯টি উপজেলার মধ্যে ৪৮১টি উপজেলার বিপরীতে ৪৭১৪-বাংলা নববর্ষ ভাতা খাতে ৪৮১×৪৫,০০০=২,১৬,৪৫,০০০/- (দুই কোটি ষোলো লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা বরাদ্দ প্রদান করা হলো।

কোড ও খাত	প্রতি উপজেলায় বরাদ্দের পরিমাণ	মোট উপজেলা	মোট বরাদ্দের পরিমাণ
৪৭১৪-বাংলা নববর্ষ ভাতা	৪৫,০০০/- (পঁয়তাল্লিশ হাজার) টাকা	৪৮১টি	২,১৬,৪৫,০০০/- (দুই কোটি ষোলো লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা

৩. চলতি ২০১৫-১৬ অর্থ বছরের জুলাই, ২০১৫- হতে জুন, ২০১৬ পর্যন্ত বাংলা নববর্ষ ভাতা প্রদানের জন্য অর্থ বরাদ্দ প্রদান করা হলো। জনপ্রশাসন মন্ত্রণালয়ের পূর্ব অনুমোদন ব্যতীত বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত ব্যয় করা যাবে না। অতিরিক্ত ব্যয়ের কোন ব্যয়ান্তর অনুমোদন প্রদান করা হবে না। এ বরাদ্দপত্রের ব্যাপারে কোন জিজ্ঞাসা থাকলে কোন ব্যবস্থা গ্রহণ না করে অবশ্যই অত্র মন্ত্রণালয়ের বাজেট ও পরিবীক্ষণ অধিশাখাকে অবহিত করতে হবে।

৪. প্রকৃত ব্যয়ের হিসাব ও প্রতিপাদনের (Verification of figures) সুবিধার্থে প্রতিমাসের খরচের বিবরণী পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে অবশ্যই সংশ্লিষ্ট উপজেলা হিসাবরক্ষণ অফিসের সাথে হিসাব সংগতিকরণ(Reconciliation) করতে হবে এবং ত্রৈমাসিক ব্যয়ের হিসাব মন্ত্রণালয়ের নির্ধারিত ছকে বাজেট ও পরিবীক্ষণ শাখায় আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।

৫. অতিরিক্ত বরাদ্দের প্রয়োজন হলে ২০১৫-১৬ অর্থ বছরের বরাদ্দের খরচের হিসাব এবং যৌক্তিকতা উল্লেখপূর্বক প্রস্তাব প্রেরণ করতে হবে।

৬. উল্লেখ্য, ০৭৪৩- উপজেলা নিবাহী অফিসারের কার্যালয়ের চাহিদার প্রেক্ষিতে পুঠিয়া, পাবনা সদর, ভেদরগঞ্জ, শ্রীনগর, ডুমুরিয়া, গুরুদাসপুর, ফুলতলা ও মোল্লারহাট উপজেলায় ইতঃপূর্বে ২০১৫-১৬ অর্থ বছরে ৪৭১৪-বাংলা নববর্ষ ভাতা খাতে বরাদ্দ প্রদান করা হয়েছে বিধায় তাঁদের (০৮টি উপজেলায়) ক্ষেত্রে এ বরাদ্দ/আদেশটি প্রযোজ্য হবে না।

৭. যে ০৮টি উপজেলায় ৪৭১৪-বাংলা নববর্ষ ভাতা খাতে বরাদ্দ প্রদান করা হয়েছে সে ০৮টি উপজেলা ব্যতিত বাকি উপজেলাসমূহে এ বরাদ্দ/আদেশটি প্রযোজ্য হবে।

৮. সকল প্রকার ব্যয় নির্বাহের ক্ষেত্রে প্রচলিত আর্থিক নিয়ম-নীতি অনুসরণ এবং ব্যয় সংকোচনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

(মোঃ শাহরিয়াজ)
উপসচিব

ফোন-৯৫১৪৪৮৯

২৫ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ

পত্র নং-০৫.০০.০০০০.১১৯.২০.০২০.১২-১৩২৩(৬)

তারিখঃ-----

০৮ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয়, (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ২। সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয়, ২২ পুরানা পল্টন, ঢাকা।
- ৪। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল)।
- ৫। জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা (সকল)।
- ৬। অতিরিক্ত সচিব (বাজেট ব্যবস্থাপনা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ শাহরিয়াজ)
উপসচিব